



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

রেজিস্ট্রার এর কার্যালয়

রাজাপুর, পাবনা

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

ফোন : ০৭৩১-৬৬৭৪২

ফ্যাক্স : ০৭৩১-৬৫১৭৩

Email: bijon16@yahoo.com

স্মারক নং- পাবিপ্রবি/রেজিঃ/প্রশাঃ/বিবিধ/২৪০/১০৬

তারিখ : ২৬ জুন ২০২১ ইং

জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সকলের অবগতির জন্য আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, সারা দেশে করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের বিদ্যমান পরিস্থিতিতে সরকারি লকডাউন/সাধারণ ছুটির ঘোষণা অনুযায়ী আগামী ২৮ জুন ২০২১ রোজ সোমবার হতে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের জরুরি দপ্তরসমূহ (মেডিকেল সেন্টার, প্রকৌশল দপ্তর, প্রকল্প অফিস ও নিরাপত্তা শাখা) ছাড়া অন্যান্য অফিসসমূহ বন্ধ থাকবে। প্রসঙ্গত, লকডাউন/ সাধারণ ছুটির বিষয়ে সরকার কর্তৃক পরবর্তীতে ছুটি বর্ধিত করা হলে তা স্বয়ংক্রিয়ভাবে বিশ্ববিদ্যালয়ের জন্যও প্রযোজ্য হবে। উল্লেখ্য, উক্ত লকডাউন/ সাধারণ ছুটি চলাকালীন বিশ্ববিদ্যালয়ের জরুরি দপ্তরসমূহ (মেডিকেল সেন্টার, প্রকৌশল দপ্তর, প্রকল্প অফিস ও নিরাপত্তা শাখা) বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী খোলা রাখবে এবং কর্মরত জনবল রোস্টার অনুযায়ী দায়িত্ব পালন করবেন। এছাড়া, পরিবহন পুলের প্রশাসকের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ক্ষেত্রে মাইক্রোবাস চলাচল করবে।

(বিজন কুমার ব্রহ্ম)

রেজিস্ট্রার (চলতি দায়িত্ব)

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।

মোবাইল নম্বর: ০১৭১৫-২২৯৯২২

স্মারক নং- পাবিপ্রবি/রেজিঃ/প্রশাঃ/বিবিধ/২৪০/

তারিখ : ২৬ জুন ২০২১ ইং

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) পরিচালক (অনারারি), আইসিটি সেল, পাবিপ্রবি (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো);
- ২) প্রশাসক, পরিবহন পুল, পাবিপ্রবি;
- ৩) পি.এস টু ভিসি, পাবিপ্রবি (উপাচার্য মহোদয়ের অবগতির জন্য);
- ৪) অফিস নথি।

(মোঃ সরোয়ার হোসেন)

সহকারী রেজিস্ট্রার

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।

মোবাইল নং: ০১৭৪৮-৭৮৯২৮৭